শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ
## গোলাপগঞ্জ, সিলেট

মুজিব শতবর্ষ

**এপ্রিল / ২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের ৪৯ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী**

সভাপতিঃ জনাব মঞ্জুর কাদির শাফি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ।

স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

সভার তারিখ ও সময়ঃ ১২ এপ্রিল ২০২৩ খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকা।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কতৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কাযাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সম্মানিত সভাপতি ও পরিষদের সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে প্রকৌশলী তার বক্তব্য উপস্থাপন করেন। বক্তব্যের শুরুতে তিনি জানান যে, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (থোক বরাদ্দ ও রাজস্ব উর্দ্ধৃত) দ্বারা বাস্তবায়নাধীন বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২২-২০২৩ এর আওতায় আহবানকৃত টেন্ডার দ্বারা গৃহীত প্রকল্প সমূহের চুক্তিপত্র ইতোমধ্যে সম্পাদন করা হয়েছে এবং পিআইসি দ্বারা গৃহীত প্রকল্পসমুহের কাজ ইতিমধ্যে বাস্তবায়ন শুরু হয়েছে যার মধ্যে বেশ কয়েকটি প্রকল্পের কাজ শতভাগ সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট প্রকল্পসমুহের কাজ চলমান রয়েছে। আগামী জুন ২০২৩ইং তারিখের মধ্যে গৃহীত বার্ষিক উন্নয়ন পরিকল্পনার সকল কাজ শতভাগ সমাপ্ত হবে মর্মে প্রকৌশলী পরিষদকে আশ্বস্ত করেন। | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (থোক বরাদ্দ ও রাজস্ব উর্দ্ধৃত) দ্বারা গৃহীত বার্ষিক উন্নয়ন পরিকল্পনা যথাযথভাবে এবং যথাসময়ে সম্পন্ন করার জন্য প্রকৌশলী মহোদয়কে পরিষদ কর্তৃক অনুরোধ করা হলো। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা সভায় জানান,বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৪২২৮জন, আন্তঃবিভাগে ভর্তি কৃত রোগী ৪৩১ জন, স্বাভাবিক প্রসব সেবা গ্রহন ৭২ জন। ইপিআই টিকার হার ৯৮ ভাগ। বর্তমানে করোনা রোগী নাই। করোনা টিকা স্বল্পতায় টিকা প্রদান সাময়িক স্থগিত রয়েছে। ইসিজি সংখ্যা ৬০ টি।আরবিএস এর সংখ্যা ১৬০০ টি,ল্যাবটেকনিশিয়ান যোগদান করায় বিভিন্ন ল্যাব পরীক্ষা হচ্ছে। যক্ষা রোগের টেষ্টের সংখ্যা ২৭ টি, এমডিআর টিবি রোগের চিকিৎসা শুরু হয়েছে। পাইলটিং প্রজেক্টের অংশ হিসেবে বৈকালিক বিশেষজ্ঞ চিকিৎসা সেবা শুরু হয়েছে। এক্সরে মেশিন স্বাস্থ্য কমপ্লেক্সে এসে পৌছেছে যদিও এক্সরে রুম রেনোভেশন কাজ এখনো শুরু হয়নি। | স্বাস্থ্যসেবা আরও উন্নত করার বিষয়ে পদক্ষেপ নেওয়ার জন্য উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্য ও প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, মার্চ/২৩মাসে মোট সক্ষম দম্পত্তির সংখ্যা ৪৯৮৯২ জন, মোট পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা ৩৯৩৪৬, হার ৭৮.৮৬%। গর্ভকালীন সেবা ৭৯১ জন, প্রসব সেবা ৪৪ জন, গর্ভোত্তর সেবা ২৮৭ জন, শিশু সেবা ৯৫৬ জন, রোগী ৩১২৬ জন, জীবিত জন্মের সংখ্যা ১৭৭ জন, মৃত্যুর সংখ্যা ৭০ জন, সর্বমোট গর্ভবতী ১৭১৯ এবং মোট প্রবাসী দম্পতি ৫৩৫৯ জন।বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | পরিবার পরিকল্পনা মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রমের ধারবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প.প. কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, কৃষি প্রনোদনার আওতায় আউশ মৌসুমে ২৯০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে উফশী আউশ বীজ বিতরন কার্যক্রম সমাপ্ত হয়েছে। এর সাথেই উপজেলা পরিষদের অর্থায়নে দুই লক্ষ টাকার ২৭৫০ কেজি আউশ বীজ ২৭৫ জন কৃষকের মাঝে বিতরন করা হয়েছে। বর্তমান কৃষি আবহাওয়ার জন্য সতর্কতা অবলম্বন করতে হবে। তাপ প্রবাহ বিরাজ করায় ধান দুধ স্তরে ব্যাপক ক্ষতি হতে পারে। বিভিন্ন ব্লকে ইউনিয়নে ব্যাপক প্রচার অব্যাহত রয়েছে। হাওড়ে এবং হাওরের পার্শ্ববর্তী জায়গায় ধান কর্তন শুরু হয়েছে। যে সব জায়গায় ধান ৮০% পেকে গেছে সে সব জমির ধান ব্যাপক প্রচার করার জন্য জনপ্রতিনিধিদের সহযোগিতা কামনা করা হচ্ছে। | ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে উফশী আউশ বীজ বিতরন কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা কৃষি কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৫ | মৎস্য বিভাগ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, নদী, খাল বিলে আড়া আড়িভাবে অবৈধ বাধ বা কাঠা নির্মান করতে না পারে সেই জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রয়োজন। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। লক্ষনাবন্দ ইউনিয়নের দামড়ি হাওড়ে অভিযান করার বিষয়ে আলোচনা হয় এবং যথাযথ ব্যবস্থা নেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | আলোচ্য বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সি. উপজেলা মৎস্য কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৬ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান, গবাদি পশুর চিকিৎসা ১৯০০ ,হাঁস মুরগীর চিকিৎসা ১১৭৬৬, কৃত্রিম প্রজনন ১২০। গবাদি পশুর টিকা প্রদান ১৪৫০, হাঁস মুরগীর টিকা প্রদান ৩০,০০০, উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারন ১০ একর, উঠান বৈটক আয়োজন ০৬ টি। | গবাদি পশুর চিকিৎসা এবং টিকা প্রদান সহ অন্যান্যকার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রাণী সম্পদ কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এবং গ্রামীন রক্ষনাবেক্ষন (টি,আর) সাধারন ২য় পর্যায়ের কার্যক্রম চলমান রয়েছে। | গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এবং গ্রামীন রক্ষনাবেক্ষন (টি,আর) সাধারন ১ম ও ২য় পর্যায়ের কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/ ৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, আগামী ১৪ ই এপ্রিল/২০২৩ গোলাপগঞ্জ উপজেলার প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে ১লা বৈশাখ বাংলা নববর্ষ নির্দেশনা মোতাবেক সুষ্ঠু ও সফলভাবে উদযাপন করার জন্য সকল প্রধান শিক্ষককে নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রতিটি বিদ্যালয়ে ছাত্র ও ছাত্রীদের কাবদল বাধ্যতামূলকভাবে গঠন করার জন্য প্রধান শিক্ষকদের নির্দেশনা প্রদান করা হয়েছে। | ১লা বৈশাখ যথাযথভাবে পালনের ধারাবাহিকতা অব্যাহত রাখা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, ১লা বৈশাখ যথাযথভাবে পালনের জন্য সকল শিক্ষা প্রতিষ্টানে সংস্কৃতি মন্ত্রণালয় ও শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা প্রদান করা হয়েছে। আগামী ৩০ এপ্রিল হতে এসএসসি ও দাখিল পরীক্ষা আরম্ভ হবে। সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছি। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১লা বৈশাখ যথাযথভাবে পালনের ধারাবাহিকতা অব্যাহত রাখা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১০ | জনস্বাস্থ্যপ্র কৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১১ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, ৪র্থ কিস্তির নির্ভুল পেরোল প্রেরনের জন্য আগামী ২৬/০৪/২৩ খ্রিঃ তারিখের মধ্যে যাচাই বাছাই করে অর্থাৎ প্রতিস্থাপন, স্থানান্তর, নাম্বার সংশোধন করে প্রাথমিক তালিকা রেজুলেশন উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরনের জন্য সম্মানিত ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা যাচ্ছে। ইতিমধ্যে সকল উপকারভোগীদের একাউন্টে ৩য় কিস্তির টাকা পাঠানো হয়েছে। | ভাতাভোগীর টাকা সঠিক মোবাইল একাউন্টে প্রেরনের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২২-২৩ অর্থবছরে মোট ০৫টি ব্যাচে ৮৫ জন যুবক ও ৬৫ জন যুব নারী মোট ১৫০ জনকে বিভিন্ন ট্রেডে ভ্রাম্যামান প্রশিক্ষন দেয়া হয়েছে। বাজেট প্রাপ্তি সাপেক্ষে আরও তিনটি ভ্রাম্যমান প্রশিক্ষন হবে।যুব ঋণের ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৪.০৭%। | যুব কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২২-২৩ অর্থবছরে মোট ঋণ বিতরন ৯১.৮২ লক্ষ টাকা এবং ঋণ আদায় ৪৮.৫৮ লক্ষ টাকা। অর্থবছরে ৪০ জন সমবায়ীর মধ্যে অপ্রধান শস্য উৎপাদন বিষয়ে প্রশিক্ষন সম্পন্ন হয়েছে। | ঋণ আদায়ের হার বাড়ানোর জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, চলতি মাস পর্যন্ত ১৩০ টি সমিতির অডিট কার্য সম্পন্ন হয়েছে। অডিট সম্পাদনের হার ১০০%। চলতি মাসে ০৫ টি সমিতি পরিদর্শন হয়েছে এবং ২৫ জন সমবায়িকে ভ্রাম্যমান প্রশিক্ষন প্রদান করা হয়েছে। | নির্ধারিত সময়ের মধ্যে সমিতির শতভাগ অডিট কার্য সম্পন্ন করতে হবে। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, খাদ্য বান্ধব কর্মসূচী ৬৭ টন (প্রায়) ও এমএস প্রতিদিন ৪ টন/ মাসে সর্বোচ্চ ২২ দিন। আজ থেকে ভিজিএফ চাল যাচ্ছে। | খাদ্য বান্ধব কর্মসূচীর ধারাবাহিকতা অব্যাহত রাখা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্টুভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৭ | বন বিভাগ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকা সহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৮ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান, পবিত্র রমজান মাসে ইফতার, তারাবি এবং সেহরির সময়ে বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে।বর্তমানে কোন লোডশেডিং নেই।গত তিন মাস যাবৎ কোন ট্রান্সফর্মার চুরি হয়নি। এ জন্য উপজেলা প্রশাসন, পুলিশ প্রশাসন এবং সকল ইউনিয়নের চেয়ারম্যানগন সহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়। বিভিন্ন সরকারি দপ্তরের বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। সরকারের রাজস্ব আদায়ের স্বার্থে সমুদয় বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। তাছাড়া বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার জন্যও সকলকে অনুরোধ জানানো হয়। | বকেয়া বিদ্যুৎবিল পরিশোধ করার বিষয়ে উপজেলা প্রকৌশলীকে পদক্ষেপ গ্রহন করার জন্য বলা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/১৯ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক সভায় জানান, গত মার্চ/ ২০২৩ এর ঋন বিতরন হয়েছে ৭৩ লক্ষ টাকা। ঋণের কিস্তি বাবদ আদায় হয়েছে ৮১ লক্ষ টাকা। সঞ্চয় আদায় হয়েছে প্রায় ৫ লক্ষ টাকা। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/২০ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, ২০২২-২৩ অর্থবছরের মার্চ/২৩ মাস পর্যন্ত ০৯ মাসের সার্বিক অগ্রগতি উপস্থাপন করেন, মোট সুফলভোগীদের সংখ্যা ৮৩৭ জন, ০৯ মাসে ঋণ বিতরন ১৮৬.৩৪ লক্ষ টাকা, ০৯ মাসে ঋণ আদায় ২৬০.৩০ লক্ষ টাকা, বার্ষিক.ঋণ আদায়ের হার ৯৭%, সুফলভোগীদের সঞ্চয় জমার পরিমান ১০৯.৪৪ লক্ষ টাকা। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা আরও সুষ্টুভাবে অব্যাহত রাখতে সচেষ্ট থাকবেন। | চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| বিবিধ | | ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় উপজেলা পরিষদ অডিটরিয়াম এর নামকরন সাবেক চেয়ারম্যান মরহুম এডভোকেট ইকবাল আহমদ চৌধুরীর নামে নামকরনের প্রস্তাব করেন।এ প্রস্তাবনা জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য পত্র প্রেরণ করার সিদ্ধান্ত প্রস্তাব উত্থাপন করেন।<br>খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, পরিষদের সকল দপ্তর কর্তৃক সেবা গ্রহীতার প্রতি সেবার মান বৃদ্ধি ও মনোরম পরিবেশ সৃষ্টির লক্ষ্যে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ অত্যন্ত জরুরী। নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ নিশ্চিত করতে হলে অফিস ক্যাম্পাসে সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন করা জরুরী। এ কাজে আনুমানিক ৪ (চার) লক্ষ টাকা ব্যয় হতে পারে; যাহা RFQ পদ্ধতিতে Procure করা যেতে পারে। এ বিষয়ে পরিষদ কর্তৃক সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন।<br>তিনি আরো জানান যে, জাতীয় দিবস উদযাপন এবং বিভিন্ন উন্নয়ন কার্যক্রমে গৃহীত আয়োজন সমূহ সফল ও সুন্দরভাবে সম্পন্ন করা এবং সবোর্পরি অফিস চত্বরের সৌন্দর্য বর্ধন ও মনোরম পরিবেশ সৃষ্টির লক্ষ্যে প্রতি নিয়ত পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম গ্রহণ করা হয়। বিভিন্ন সময়ে উক্ত কার্যক্রমের বিপরীতে সরাসরি ব্যয় প্রায় ৪৭,০০০.০০ (সাতচল্লিশ হাজার) টাকা ছাড়িয়ে গেছে। উক্ত ব্যয়ের বিপরীতে পরিষদ কর্তৃক অনুমোদন প্রয়োজন।<br>গ) লক্ষনাবন্দ ইউপি চেয়ারম্যান সভায় জানান, লক্ষনাবন্দ মাদ্রাসা বাজার জাংগালহাটা রাস্তা সংস্কার অত্যাবশ্যকীয় জরুরী বরাদ্দ হিসেবে উত্তাপন করেন। দ্রব্যমূল্যের উর্ধগতি রোধে মোবাইল কোর্ট পরিচালনা করায় ইউএনও মহোদয়কে ধন্যবাদ এবং পবিত্র রমজান মাসে বিদ্যুৎ সেবা স্বাভাবিক রাখায় ডিজিএম পল্লীবিদ্যুৎকে ধন্যবাদ জানান।<br>ঘ) মহান স্বাধীনতা দিবস ও ১লা বৈশাখ উদযাপন উপলক্ষে উপজেলা পরিষদ কমপ্লেক্স এর চর্তুর্দিক ময়লা আবর্জনা পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ২০,০০০/- উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে ব্যয়ের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>ঙ) জনাব রাহেল আহমদ, অফিস সহায়ক ও জনাব আব্দুল কাদির, অফিস সহায়ক এর চাকুরী বিগত ১/১২/২০২২ খ্রিঃ তারিখে তিন বছর পূর্ণ হওয়ায় প্রথম শ্রান্তি বিনোদন ভাতা ও ছুটি প্রাপ্তির জন্য আবেদন করেন।<br>চ) আমুড়া ইউপি চেয়ারম্যান সভায় জানান, ইজারাবিহীন বিল (জলাশয়) সরকারিভাবে ইজারা দিয়ে রাজস্ব সংগ্রহ আমুড়া ইউনিয়নের কয়েকটি বিল (জলাশয়) ইজারা ছাড়া জনসাধারন উন্মুক্তভাবে ভোগ দখল করছেন।১। লুনদার খাল (শিকপুর)২। হাতপাছ খাওনি (ডামপাল)৩। গুপরা খাল (ঘাঘুয়া) ৪। মোটামারা (ঘাঘুয়া) ৫। গরুখাল (সুন্দিশাইল) ৬। কুরাই বিল এসব বিল এবং ইহার বাহিরে যদি কোন বিল থাকে তথ্য সংগ্রহ করে সরকারিভাবে | ক) উপজেলা পরিষদ অডিটরিয়াম এর নামকরন সাবেক চেয়ারম্যান মরহুম এডভোকেট ইকবাল আহমদ চৌধুরীর নামে নামকরনের বিষয়ে উপস্থিত সকল সদস্য একমত পোষন করেন এবং জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য পত্র প্রেরনের বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ)উপজেলা পরিষদের অভ্যন্তরে বিদ্যমান সৌন্দর্য বজায় রাখা এবং মনোরম পরিবেশে নিরবিচ্ছিন্ন ভাবে জনসাধারণের নিকট সেবা পৌছে দেওয়ার ক্ষেত্রে ক্যাম্পাস পরিষ্কার পরিচ্ছন্ন রাখা এবং সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপনের মত বিষয় সমূহ অত্যন্ত যুগোপযোগী সিদ্ধান্ত। পরিষদের সকল সদস্য এ বিষয়ে একমত পোষন করায় উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত সৌর বিদ্যুৎ প্যানেল স্থাপন ও পরিষ্কার কার্যক্রমে প্রস্তাবিত উভয় ব্যয় পরিষদ কর্তৃক অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো এবং প্রকৌশলী মহোদয়কে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য | ক) চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান<br>খ) চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা প্রকৌশলী/ উপজেলা নির্বাহী অফিসার/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান<br>গ) চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার<br>ঘ) চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার<br>ঙ) চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/<br>চ) চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান<br>ঙ) চেয়ারম্যান উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ইজারা দেওয়ার ব্যবস্থা গ্রহন করা এবং টিআর, কাবিখা ও ভিডব্লিউবি কর্মসূচির আওতায় প্রদত্ত খাদ্য শস্য সিদ্ধ চাল এর পরিবর্তে আতপ চাল দেওয়ার ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন।সিলেট জেলার জনসাধারন সচরাচর সিদ্ধ চাল ভোগ করেন না বিধায় অনেকে সিদ্ধ চাল বাজারে বিক্রি করে আতপ চাল ক্রয় করে।<br>ছ) উপজেলা পরিষদ কার্যালয়ের সিএ এর জন্য একটি টেবিল ও একটি ফাইল রেক ক্রয়ের প্রয়োজনীয়তার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>জ) উপজেলা পরিষদের সিসিটিভি , অডিটরিয়ামের সাউন্ড সিস্টেম ও দরজা মেরামতের প্রয়োজনীয়তার বিষয়ে সভায় আলোচনা হয়। | অনুরোধ জানানো হলো।<br>গ)লক্ষনাবন্দ ইউপি চেয়ারম্যান এর প্রস্তাব মতে লক্ষনাবন্দ মাদ্রাসা বাজার জাংগালহাটা রাস্তা সংস্কারের বিষয়ে পরিদর্শন পূর্বক রিপোর্ট প্রদানের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয় এবংদ্রব্যমূল্যের উর্ধগতি রোধে মোবাইল কোর্ট পরিচালনা করায় ইউএনও মহোদয়কে ধন্যবাদ এবং পবিত্র রমজান মাসে বিদ্যুৎ সেবা স্বাভাবিক রাখায় ডিজিএম পল্লীবিদ্যুৎকে ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়।<br>ঘ) মহান স্বাধীনতা দিবস ও ১লা বৈশাখ উদযাপন উপলক্ষে উপজেলা পরিষদ কমপ্লেক্স এর চর্তুর্দিক ময়লা আবর্জনা পরিস্কার পরিচ্ছন্নতা বাবদ ২০,০০০/- উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে ব্যয় সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>ঙ) জনাব রাহেল আহমদ, অফিস সহায়ক ও জনাব আব্দুল কাদির, অফিস সহায়ক এর চাকুরী বিগত ১/১২/২০২২ খ্রিঃ তারিখে তিন বছর পূর্ণ হওয়ায় প্রথম শ্রান্তি বিনোদন ভাতা ও ছুটি প্রাপ্তির বিষয়টি অনুমোদনের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস সহ উপপরিচালক(স্থানীয় সরকার) সিলেট বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>চ) ইজারাবিহীন বিল (জলাশয়) ক্যালেন্ডারভুক্ত কিনা যদি হয় তা হলে সরেজমিন তদন্তক্রমে সুস্পষ্ট মতামত সহকারে | |

| | | | |
|---|---|---|---|
| | | প্রতিবেদন দাখিলের জন্য সহকারী কমিশনার (ভূমি)কে অনুরোধ করা হয়, যদি ক্যালেন্ডারভুক্ত না হয় তাহলে সরেজমিন তদন্তক্রমে বিবিধ মামলা রুজু করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সহকারী কমিশনার (ভূমি)কে অনুরোধ করা হয় এবংটিআর, কাবিখা ও ভিডব্লিউবি কর্মসূচির আওতায় প্রদত্ত খাদ্য শস্য সিদ্ধ চাল এর পরিবর্তে আতপ চাল এর জন্য জেলা প্রশাসক, সিলেট বরাবর পত্র দেয় যেতে পারে।<br>ছ) উপজেলা পরিষদ কার্যালয়ের সিএ এর জন্য একটি টেবিল ও একটি ফাইল রেক ক্রয়ের জন্য ২৪,৮৫০/- মধ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অফিস সরঞ্জাম ক্রয় খাত থেকে ব্যয়ের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>জ) উপজেলা পরিষদের সিসিটিভি , অডিটরিয়ামের সাউন্ড সিস্টেম ও দরজা মেরামতের জন্য ২৪,৭০০/-উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে ব্যয়ের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| বিগত সভার নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন ও অবহিতকরন | জনাব ফাহিমা বেগম, মালীর অনুকূলে ফেব্রয়ারী/২৩ মাসের মজুরী বাবদ ১০৪৫০/- চেক প্রদান চেক নং ৬৯৩১৮৬৫ তাং১/৩/২৩। ফেব্রুয়ারী/২৩ মাসের আনুষংগিক বিল বাবদ জনাব রাজন পালের অনুকূলে ৫০০০/- চেক প্রদান চেক নং ৬৯৩১৮৬৬ তাং ১/৩/২৩। মার্চ/২৩ মাসের আপ্যায়ন বাবদ ৩০,০০০/- চেক প্রদান চেক নং ৬৯৩১৮৬৭ জনাব আব্দুল সোবহান, পরিচ্ছন্নতাকর্মীর অনুকুলে ফেব্রয়ারী/২৩ মাসের মজুরী বাবদ১০৪৫০/-চেক প্রদান চেক নং ৬৯৩১৮৬৮ তাং১৪/৩/২৩। মহিমা এন্টারপ্রাইজ এর অনুকুলে জীপ গাড়ীর যন্ত্রাংশ ক্রয় বাবদ ১,৮৯,৮৮০/- চেক প্রদান চেক নং ৬৯৩১৮৬৯ তাং ১৯/৩/২৩। ২৬ শে মার্চ উদযাপন উপলক্ষ্যে ৫০,০০০/- উত্তোলন চেক নং ৬৯৩১৮৭০ তাং২০/৩/২৩। জীপ গাড়ি | বিগত বিভিন্ন সভায় উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে সেগুলোর চেক বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্টানের অনুকূলে বিভিন্ন সময়ে হস্তান্তর করা হয়েছে যা সভায় উপস্থিত সকলকে অবহিত করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | মেরামত বাবদ ৮৭০০/- টাকার চেক নং ৬৯৩৩৮৭১ তাং২৯/৩/২৩। জনাব ফাহিমা বেগম, মালী এবং আং সোবহান,পরিচ্ছন্নতাকর্মীর এর মার্চ/২৩ মাসের মজুরী বাবদ(১১,০০০/-+১১০০০/-) চেক প্রদান চেক নং৬৯৩৩৮৭২-৭৩ তাং ৩০/৩/২৩। | | |

সভাপতি জনাব মঞ্জুর কাদির শাফি গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কমকান্ড নিয়ে আলোচনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভায় সংশ্লিষ্ট অন্যান্য সকলকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। শিশুদেরকে পুষ্টিহার অধিকারী করা, মেধাবী হিসাবে গড়ে তোলা এবং ছেলে মেয়ে যেন একটি বাচ্চাও যাতে তার অধিকার থেকে বঞ্চিত না হয় এবং সততা নিষ্ঠার সাথে কাজ করার পরিকল্পনা নিয়ে সামনের দিকে এগিয়ে যাওয়ার প্রত্যয় নিয়ে ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ স্বপ্নের সোনার বাংলা গড়ার আশা ব্যক্ত করেন। উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার সমাপ্তি ঘোষণা করেন।

মঞ্জুর কাদির শাফি
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

স্মারক নং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০২.১৯.৫৭২ তারিখঃ ১২/০৪/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ২৩২, সিলেট-৬ (গোলাপগঞ্জ-বিয়ানীবাজার)।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। জেলা প্রশাসক, সিলেট।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৫। মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা।
০৬। নির্বাহী প্রকৌশলী------------------------------ সিলেট।
০৭। উপজেলা------------------------------------------ অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৮। চেয়ারম্যান------------------------------------------ ইউপি (সকল), গোলাপগঞ্জ।
০৯। অফিস নথি/ মাস্টার ফাইল।

মৌসুমী মান্নান
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কমকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
email:unogolapganj@mopa

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান , উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | মেয়র, গোলাপগঞ্জ পৌরসভা | - | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, ১০ নং বাদেপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০১ নং বাঘা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউপি | | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৯ নং লক্ষনাবন্দ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ১১ নং শরীফগঞ্জ ইউপি | | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউপি | | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০৫ নং বুধবারীবাজার ইউপি | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ০৩ নং ফুলবাড়ি ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৩ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৪ | চেয়ারম্যান, ০৭ নং পশ্চিম আমুড়া ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা কৃষি কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৯ | সি.উপজেলা মৎস্য কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২০ | উপজেলা প্রকৌশলী | - | স্বাক্ষরিত |
| ২১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৩ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৬ | উপজেলা পল্লীউন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৭ | উপজেলা সমবায় কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৮ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | - | স্বাক্ষরিত |
| ২৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ৩০ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | - | স্বাক্ষরিত |
| ৩১ | শাখা ব্যবস্থাপক, পল্লীসঞ্চয় ব্যাংক | - | স্বাক্ষরিত |
| ৩২ | সংরক্ষিত মহিলা সদস্য,সংরক্ষিত আসন নং ০২ | - | স্বাক্ষরিত |
| ৩৩ | সংরক্ষিত মহিলা সদস্য,সংরক্ষিত আসন নং ০৩ | - | স্বাক্ষরিত |
| ৩৪ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ৩৫ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | | |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ০১ | মহিলা ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | |
| ০২ | ভাইসচেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | |
| ০৩ | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | |
| ০৪ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র | |

CamScanner